

সভাপতি : জনাব ফাহিমা আক্তার  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
শিবচর, মাদারীপুর।

তারিখ : ২৩/০২/২০২২ খ্রিঃ। সময় : সকাল - ১০.৩০ ঘটিকা।


স্থান : উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, শিবচর, মাদারীপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গৃহীত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনালে এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়।	বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।
০১	প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় চলতি অর্থবছরের প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ও অগ্রগতির বিষয়ে জানান যে, চলতি অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৪২০ জন, চলতি মাস পর্যন্ত অগ্রগতি ১১টি ব্যাচে ৩৩০ জন, অগ্রগতির হার ৭৮% আরও ০১টি ব্যাচের প্রশিক্ষণে সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে উপপরিচালক, মাদারীপুর মহোদয়ের অনুমোদন পাওয়া গেলে আগামী মাসের ১ম সপ্তাহে প্রশিক্ষণটি শুরু করা হবে। আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের লক্ষ্যমাত্রা প্রতিমাসে ০৭ জন বছরে ৮৪ জন এ পর্যন্ত অগ্রগতি ৫৬ জন। এ বিষয়ে সভায় আরো বিস্তারিত আলোচনা হয়।	চলতি অর্থবছরে প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
০২	যুব ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতি।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋণ বিতরণ ও আদায়ের অগ্রগতির বিষয়ে জানান যে, চলতি অর্থবছরে আত্মকর্মসংস্থান কর্মসূচি হতে ৩৬ জন যুব ও যুব মহিলাকে ১৮১০০০০/-টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ক্রমপুঞ্জিত বিতরণ আত্মকর্মসংস্থান কর্মসূচি হতে ২৯৩৩৮০০০/= টাকা আদায়ের হার মাসিক ৭৬% ক্রমপুঞ্জিত ৯৮%। এবং পরিবার ভিত্তিক কর্মসূচি হতে চলতি অর্থবছরে ৮৫ জন যুব ও যুব মহিলাকে ১০২০০০০ টাকা যুব ঋণ বিতরণ করা হয়। ক্রমপুঞ্জিত বিতরণ ৪৫৭টি কেব্রে ১৯৬৫৭৮০০০/-টাকা। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আরও জানান অত্র উপজেলায় বর্তমানে আত্মকর্মসংস্থান কর্মসূচিতে ৪১৪৬৭৫/- এবং পরিবার ভিত্তিক কর্মসূচিতে ২২০৯৭৯৯/= ঋণ খেলাপী আছে যা আদায়ে সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে। উল্লিখিত খেলাপী টাকা আদায়ে তিনি সকলের সহযোগীতা কামনা করেন।	চলমান ঋণ আদায় শতভাগ নিশ্চিত করাসহ তা অব্যাহত রাখা এবং খেলাপী টাকা আদায়ের নিমিত্তে সভার সদস্যগণ সার্বিক সহযোগীতা করবেন মর্মে মতামত ব্যক্ত করেন এবং বিষয়টি উপজেলা পরিষদের সাধারণ সভার আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করা হইল।
০৩	ন্যাশনাল সার্ভিস কর্মসূচী	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ মহামারীর কারণে কয়েকবার বন্ধ থাকার পরও গত আগস্ট মাসে শিবচর উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর প্রশিক্ষণ শেষ হয় এবং গত ০১/০৯/২০২১ তারিখ হতে সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তকারী ৪৯৬ জনের মধ্যে ৪৯০ জন যুব ও যুব মহিলাকে বিভিন্ন দপ্তরে সংযুক্তি দেয়া হয় এর মধ্যে ৪৮০ যুব ও যুব মহিলা বর্তমানে বিভিন্নদপ্তরে সংযুক্ত আছে বাকিরা কর্মসূচীতে অংশগ্রহণ করছেন না। এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়।	ন্যাশনাল সার্ভিস কর্মসূচী প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত এবং সংযুক্তি দেয়ার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে ধন্যবাদ দেয়া হয়। কার্যক্রমটি মনিটরিং করার জন্য সকল সদস্যদের অনুরোধ করা হয়।
০৪	যুব সংগঠন নিবন্ধন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় ০৫টি যুব সংগঠন যুব উন্নয়ন অধিদপ্তরের তালিকাভুক্ত এবং ০২টি সংগঠন অত্র দপ্তরের নিবন্ধনপ্রাপ্ত আছে, এর মধ্যে ০৪টি সংগঠনের কার্যক্রম সচল আছে। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যুব উন্নয়ন অধিদপ্তর এখন যুব সংগঠনকে রেজিস্ট্রেশন দিয়ে থাকে। নতুন যুব সংগঠন রেজিস্ট্রেশন করার বিষয়ে যুবদের উৎসাহিত করার জন্য তিনি সদস্যদের সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়।	তালিকাভুক্ত সকল যুব সংগঠনের কার্যক্রম সচল করার ব্যবস্থা গ্রহণ করার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।



(জনাব ফাহিমা আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
শিবচর, মাদারীপুর।

ও

সভাপতি  
যুব ও ক্রীড়া উন্নয়ন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি

স্মারক নং-৩৪.০১.৫৪৮৭.০০০.০৬.০৪০.১৪-৬১০

তারিখঃ- ২৪/০২/২০২২খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হইল।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

০৩। জনাব-----চেয়ারম্যান-----ইউ,পি ও সদস্য।

০৪। দপ্তর নথি।

(শ্যামল কৃষ্ণ মালাকার)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

শিবচর, মাদারীপুর।

পরিশিষ্ট "ক"

ক্রমিক নং	উপস্থিত সদস্যবৃন্দ	স্বাক্ষর	ক্রমিক নং	অনুপস্থিত সদস্যবৃন্দ
০১	জনাব আঃ রহমান খান, চেয়ারম্যান, বন্দরখোলা ইউনিয়ন পরিষদ			
০২	জনাব আবুল কালাম চোকদার, চেয়ারম্যান, ভাঙ্গারীকান্দি ইউনিয়ন পরিষদ			
০৩	জনাব মোঃ আসাদুজ্জমান, চেয়ারম্যান, বাশঁকান্দি ইউনিয়ন পরিষদ			
০৪	জনাব শ্যামল কৃষ্ণ মালাকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শিবচর, মাদারীপুর			